



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ২৭

তারিখ : ১৬ আশ্বিন, ১৪২১
০১ অক্টোবর, ২০১৪

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের সুবিধার্থে শিল্পাঞ্চলে
অবস্থিত তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ০৪ অক্টোবর, ২০১৪ তারিখ শনিবার খোলা রাখা প্রসঙ্গে

অর্থ মন্ত্রণালয় এর ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ০১/১০/১৪ ইং তারিখের ৫৩.০০১.০৩১.০০.০০.০০১.২০১৪-৪৬৯
নং পত্রের সূত্রে তৈরি পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন-ভাতাদি পরিশোধের সুবিধার্থে সনাতন ধর্মাবলম্বী
কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত না করে বিশেষ ব্যবস্থায়ীনে অভ্যন্তরীণ সমন্বয়ের মাধ্যমে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর,
সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরি পোশাক শিল্পসংশ্লিষ্ট শাখাসমূহ
পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ০৪ অক্টোবর, ২০১৪ তারিখ শনিবার সকাল ১০.০০টা হতে দুপুর ০১.০০টা পর্যন্ত খোলা
রাখার নির্দেশ দেয়া যাচ্ছে।

০২। ০৪ অক্টোবর, ২০১৪ তারিখ দুর্গাপূজা উপলক্ষে সরকারি ছুটি থাকায় ঐদিন অফিসের কাজে যোগদানকারী
কর্মকর্তা/কর্মচারীদের সম্মানজনক যুক্তিসঙ্গত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(অসীম কুমার মজুমদার)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৬১